## সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৩.০৯.২০২১ খ্রি.

সময় ঃ বেলাঃ ১০.৩০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ১৭৪৯৫ হেঃ জমিতে বোরো ধান লাগানো হয়েছে। আশা করা যায় ফসল উৎপাদনে লক্ষ্যমাত্রা অতিক্রম করবে। তিনি আরও জানান যে, পৌরসভা, মুকুন্দপুর, কাটলা ও পলিপ্রয়াগপুরের ১০-১৫ হেক্টর জমির ধান আগামী এক সপ্তাহের মধ্যে কাটা হবে। ধান কেটে কৃষক সবজি লাগাবে। সবজির জন্য বাংলাদেশে বিরামপুর উপজেলার অবস্থান ২য়। সচেতনতামূলক লিফলেট বিতরণ কার্যক্রম চলছে। এতে কৃষকগণ উপকৃত হচ্ছে। কারণ পোকা সম্পর্কে তাদের ধারণা তৈরী হচ্ছে। সে অনুপাতে তারা ঔষধ প্রয়োগ করতে পারছে। ফলে ফসল উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এ অর্থ বছরেও তিনি লিফলেট খাতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। রবি মৌসুমে প্রণোদনা এ বছরও আসবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। কৃষি যন্ত্র সংরক্ষণের জন্য ১২০০ বর্গ ফুটের একতলা একটি কৃষি যন্ত্র সংরক্ষণাগার স্থাপনের জন্য ম্যাপসহ প্রস্তাবনা প্রেরণের জন্য প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/২৩৯১(৬৮৮),তারিখঃ ০২.০৮.২১ খ্রি. পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.কৃষি উৎপাদনশীলতায় বিরামপুর উপজেলাকে ১ম স্থানে উন্নীতকরণের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। কৃষি দপ্তরকে এ বিষয়ে অগ্রণী ভূমিকা পালনের জন্য অনুরোধ করা হয়।<br>৪. একটি কৃষি যন্ত্র সংরক্ষণাগার স্থাপনের বিষয়ে পরবর্তিতে সিদ্ধান্ত নেয়া হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ।<br>৩. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, টিকাদান কর্মসূচি চলমান রয়েছে। আরও ৮,০০০(আটহাজার) ডোজ টিকা এসেছে। ২৬.০৯.২০২১ তারিখ শনিবার থেকে আবারও বিরামপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে স্থাপিত টিকাদান কেন্দ্র থেকে টিকা দেয়া হবে। তিনি আরও জানান যে, ডায়নামা, ম্যাগনেটসহ বিভিন্ন যন্ত্রাংশ নষ্ট হওয়ার কারণে হাসপাতালের অ্যাম্বুলেন্সটি ব্যবহার করা যাচ্ছে না। নতুন অ্যাম্বুলেন্সটি রেজিস্ট্রেশন হয়নি। আগামী ২৬.০৯.২০২১ তারিখ শনিবার একজন জুনিয়র কনসালট্যান্ট ও এনেসথেসিয়ার ডাক্তার যোগদান করবেন। গাইনীর কোন সার্জন না থাকায় অপারেশন থিয়েটার চালু করা সম্ভব হচ্ছে না।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, রোগীর খাবার নিয়ে সমস্যা থাকায় তিনি এ বিষয়ে মনিটরিং বাড়ানোর জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে হাসপাতাল কর্তৃপক্ষ সভায় অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রাপ্ত টিকা বিরামপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে স্থাপিত টিকাদান কেন্দ্র থেকে টিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৩. একজন গাইনী সার্জন এ উপজেলায় পদায়নের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. সঠিক মানের খাবার সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং বাড়ানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত বছর PPR রোগের টিকা দেয়া হয়েছিল। ফলশ্রুতিতে এ উপজেলায় এ রোগ নেই বললেই চলে। খুড়া রোগের চিকিৎসা হিসেবে গরুকে টিকা দেয়া হবে মর্মে তিনি সবাইকে অবহিত করেন। তিনি আরও জানান যে, গত এক মাসে ১,৭০৫টি গবাদি পশুর, ১০,১০৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৬০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫০টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৮২০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ৪১০০০ মাত্রা। এ ছাড়াও ১১৮ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকৃত খামারীদের প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০৪-২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত ২৫ দিন ইলিশ মাছ ধরা, ক্রয়-বিক্রয় ও পরিবহন বন্ধ করা হয়েছে। এ উপজেলায় মাছের চাহিদা ৩৫০০ মেঃটন কিন্তু উৎপাদন হচ্ছে ২৬০০ মেঃটন। ঘাটতি রয়েছে ৯ মেঃটন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মাছের ঘাটতি পূরণে জরুরীভিত্তিতে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ছোট মাছের অপ্রতুলতা রয়েছে। ফলে ছোট মাছের দাম বেশী। মাছচাষী মাছের মূল্য পাচ্ছে। কিন্তু সব ধরনের ক্রেতার পক্ষে ছোট মাছ ক্রয় করা সম্ভব হচ্ছে না। কারেন্ট জালের কারণে মাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে। প্রায় ৪/৫ লক্ষ টাকার অবৈধ কারেন্ট জাল পুড়িয়ে ফেলা হয়েছে। COVID-19 এর কারণে কৃষি, প্রাণি ও মৎস্য খাতে যারা ক্ষতিগ্রস্থ হয়েছেন তাদের জন্য বড় ধরনের প্রণোদনা আসছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ৩. কারেন্ট জালের ব্যবহার বন্ধ করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৪. প্রকৃত মৎস্যচাষীরা যাতে প্রণোদনা পায় সে বিষয়ে সঠিক তালিকা প্রণয়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের প্রতিনিধি ডিজিএম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নর্থ বেঙ্গলে বড় বড় তিনটি প্লান্ট বন্ধ থাকায় পিক আওয়ারে বিদ্যুৎ সমস্যা হচ্ছে। Maintenance এ যাওয়ার কারণে বিদ্যুৎ প্লান্ট বন্ধ আছে। ফলে বিদ্যুৎ সরবরাহে সমস্যা হচ্ছে। হাকিমপুর ও বিরামপুরে রাঙ্গামাটি থেকে সরবরাহ করা হয়।<br>মেয়র, বিরামপুর পৌরসভা সভায় জানান যে, স্থানীয়ভাবে বিদ্যুতের চাহিদা মিটিয়ে উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে চলে যাবে এমন সিদ্ধান্ত ছিল যা ২০১৪ সাল পর্যন্ত বহাল ছিল। শুধু পৌরসভায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার বিকল্প ব্যবস্থা নেয়ারও সিদ্ধান্ত ছিল।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, KPI এলাকায় বিকল্প বিদ্যুৎ রাখার সিদ্ধান্ত ছিল। সেটি বাস্তবায়ন করা দরকার।<br>ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ জানান যে, এ বিষয়ে তিনি জেনে নিবেন। তিনি আরও জানান যে, প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত সোলার পাম্প স্থাপনের জন্য বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, চাহিদা থাকলে সোলার পাম্প দেয়া হবে। তিনি মুজিববর্ষের একক গৃহের যে গৃহগুলোতে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়নি সেগুলোতে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিকল্প ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩. সোলার পাম্পের চাহিদা দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৪. মুজিববর্ষের একক গৃহগুলোতে অবশিষ্ট গৃহে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।<br>২. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।<br>৩. উপজেলা কৃষি অফিসার, বিরামপুর ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>৪. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, UGDP এর প্রকল্পগুলো ভ্যাট ও আয়কর হিসাব করে সংশোধিত প্রকল্প প্রস্তাব খুব শীঘ্রই প্রেরণ করা হবে। এ ছাড়াও UGDP এর ২০১৯-২০ অর্থ বছরের কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। সেই সাথে রাস্তার Maintenance এর অধিকাংশ কাজগুলোও শেষ হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক। তিনি আরও জানান যে, ১০ চাকার গাড়ি বাফার গোডাউনে যাওয়ার কারণে সদ্য নির্মিত রাস্তা ও কালভার্ট নষ্ট হচ্ছে মর্মে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে রাস্তা উন্নয়নের প্রস্তাব করেছেন।<br>মেয়র, বিরামপুর পৌরসভা কর্তৃক গোডাউন পর্যন্ত RCC রাস্তা করার জন্য BADC (সেচ)-কে অনুরোধ করা হয়।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ)-কে সেচ কমিটির সভা আহ্বান করার জন্য অনুরোধ করেন।<br>উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ) সভায় আরও জানান যে, ব্যক্তিগতভাবে বিদ্যুৎ সংযোগ নিয়ে ২৪টি নলকূপ চালানো হচ্ছে। তিনি জানান যে, নদী থেকে পানি সরবরাহ করে ফসল উৎপাদন করা হবে। সাব মার্সিবল পাম্পের সাহায্যে ১২০ ফুট গভীর কুয়া থেকে পানি উত্তোলন করে রবি শস্য ফলানোরও সিদ্ধান্ত রয়েছে। দিওড় ইউনিয়নে সাব মার্সিবল পাম্প স্থাপনের জন্য জায়গা পাওয়া যায়নি। মুকুন্দপুর ইউনিয়নে দেয়া হবে। সিলেকশন কমিটির সভা আগামী সপ্তাহে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. রাস্তাটি দ্রুত সংস্কার/মেরামত/১০ চাকার গাড়ি চলাচলের উপযোগী করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সেচ কমিটির সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর।<br>২. সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর।<br>৩. সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা কৃষি অফিসারের সাথে আলোচনা করে সাব মার্সিবল পাম্প স্থাপনের জায়গা নির্বাচন করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার প্রকল্পের উপযোগিতা যাচাই করে প্রয়োজনে প্রস্তাবিত প্রকল্প সংশোধন করে পুনরায় সংশোধিত প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন। | ৪. উপজেলা কৃষি অফিসারের সাথে আলোচনা করে সাব মার্সিবল পাম্প স্থাপনের জায়গা নির্বাচন করার জন্য অনুরোধ জানান।<br>৫. প্রয়োজনে সংশোধিত প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪. সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর।<br>৫. সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। খানপুর ইউনিয়নে আদিবাসীদের মধ্যে ছেলেমেয়ে নিয়ে যে সমস্যা হয়েছিল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, ৩ নং খানপুর ও ৭ নং পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদের সমন্বয়ে সুন্দর সমাধান হয়েছে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনের তপশীল শীঘ্রই ঘোষণা হবে। এ নির্বাচনটি সুন্দরভাবে সম্পন্নের লক্ষ্যে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি পৌরসভা এলাকাটি শক্তিশালী সিসি ক্যামেরার আওতায় আনার জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ জানান। মাদকাসক্তের সংখ্যা বেড়ে যাওয়ায় চুরি বেড়েছে। ঢাকা মোড়ে ফলের দোকানগুলো রাত ২.০০-৩.০০ টা পর্যন্ত খোলা থাকে। অধিক রাত্রি পর্যন্ত দোকান খোলা থাকার কারণে মাদক নিয়ন্ত্রণ করা কষ্টকর হচ্ছে। তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে ফলের দোকান বন্ধ করার ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ জানান। ঘাটপাড়ে অনেক দোকান কিন্তু কোন নিরাপত্তা প্রহরী নেই। নিরাপত্তা প্রহরী রাখার জন্যও অনুরোধ জানান। তিনি আরও জানান যে, অনেক রাত পর্যন্ত অটো ও সিএনজি চলে। যারা অধিক রাত্রি পর্যন্ত অটো ও সিএনজি চালান তাদেরকে কার্ড দেয়ার জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করেন।<br>তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে দুর্ঘটনায় আহত রোগী হাসপাতালে আসলে থানায় অবহিত করার জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পৌরসভা এলাকায় শক্তিশালী সিসি ক্যামেরা স্থাপনের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়।<br>৩.নির্দিষ্ট সময়ের মধ্যে ফলের দোকান বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণসহ ঘাটপাড়ে দোকানগুলোর নিরাপত্তার কথা বিবেচনা করে নিরাপত্তা প্রহরী রাখার জন্য মেয়র, বিরামপুর পৌরসভা দোকান মালিকদের অনুরোধ করা হয়।<br>৪. দুর্ঘটনায় আহত রোগী হাসপাতালে আসলে থানায় অবহিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা।<br>৩. মেয়র, বিরামপুর পৌরসভা ও দোকান মালিক সমিতি।<br>৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৩ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ও গতিশীল । গত ১২.০৯.২০২১ খ্রি. থেকে সকল বিদ্যালয় পাঠদান কার্যক্রম প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রুটিন মোতাবেক চলমান আছে। উপজেলা শিক্ষা অফিসের সকল কর্মকর্তা জোরালোভাবে পরিদর্শন ও ফলোআপ করছেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষক ও শিক্ষার্থীগণ পাঠ কার্যক্রমে অংশগ্রহণ করছেন। ঝড়ে পড়া কোন শিক্ষার্থী নেই। কোন সমস্যাও নেই। তিনি আরও জানান যে, জনাব জোবায়দুর রহমান, পরিচালক (প্রশিক্ষণ) ও মেন্টর, দিনাজপুর জেলা আগামী ২৫.০৯.২০২১ তারিখ বিরামপুর উপজেলার বিদ্যালয় পরিদর্শন করবেন। উল্লেখ্য যে, কর্মরত শিক্ষকের মধ্যে মাত্র ২৪ জন শিক্ষক চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টিকা গ্রহন করেননি। পরবর্তীতে এই ২৪ জন শিক্ষক চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টিকা গ্রহন করবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরিদর্শন ও ফলোআপ কার্যক্রমসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ২৪ জন শিক্ষককে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টিকা গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>২.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>৩.উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৪ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, মাধ্যমিক পর্যায়েও গত ১২.০৯.২০২১খ্রি. তারিখ থেকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শতভাগ মনিটরিং চলছে। নির্ধারিত ছকে মনিটরিং এর তথ্য প্রেরণ করা হচ্ছে। বাল্য বিবাহের তথ্য ও ঝড়ে পড়া শিক্ষার্থীদের | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরীক্ষা এবং এ্যাসাইনমেন্টসহ অন্যান্য কার্যক্রম নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | তথ্য সংগ্রহের কাজ চলছে। এছাড়াও এ্যাসাইনমেন্ট কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম এবং শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ক্লাস, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন, পুরাতন পাঠ্যপুস্তক সরকারি নিলাম ডাকের ব্যবস্থাকরণ, জাইকার বেঞ্চ, ল্যাপটপ ও মাল্টিমিডিয়া (প্রোজেক্টর ও স্ক্রীন) সরবরাহ প্রকল্প গ্রহণ এবং করোনাকালীন পরিদর্শন যথারীতি চলছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান ভাল রাখার স্বার্থে সভাপতিদের নিয়ে উপজেলা পর্যায়ে মিটিং করার অনুরোধ জানিয়ে কর্মকর্তাবৃন্দকে নিজ দাপ্তরিক কাজে ইউনিয়ন পর্যায়ে গেলে শিক্ষা প্রতিষ্ঠান ও উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদানের জন্য অনুরোধ করেন। এ প্রসঙ্গে উপজেলা কৃষি অফিসার উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে উপজেলা পর্যায়ের যে কোন অফিসার বিদ্যালয় পরিদর্শন করবেন মর্মে পত্র প্রদানের জন্য অনুরোধ জানান। | ৩. সভাপতিদের নিয়ে উপজেলা পর্যায়ে মিটিং করার অনুরোধ জানানো হয়।<br>৪. শিক্ষা প্রতিষ্ঠান ও উন্নয়নমূলক কাজ পরিদর্শন ও প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. মনিটরিং জোরদার করাসহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে উপজেলা পর্যায়ের যে কোন অফিসার বিদ্যালয় পরিদর্শন করবেন মর্মে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>৪. উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা।<br>৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বয়স্ক ভাতার জন্য ২৮৮৩ জনের আবেদন পাওয়া গেছে। আরও আবেদন করা যাবে। সবাইকে ভাতা প্রদান করা যাবে। সরকারি চাকুরীজীবি ছিলেন যারা পেনশন পান তারা এর আওতায় আসবেন না। ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগী নির্বাচনের জন্য কমিটি আছে। উক্ত কমিটিকে সচল করতে হবে। ইউনিয়ন কমিটির সভা উপজেলায় করতে হবে। কোনভাবেই স্বচ্ছল বা সামর্থবানদের এ ভাতা দেয়া যাবে না। ৩০.০৯.২০২১ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির তালিকা নিশ্চিত করতে হবে।<br>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ জানান যে, নির্দেশনা মোতাবেক শতভাগ তালিকা প্রস্তুত করা হয়েছে। আগামী ২৭.০৯.২০২১ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটিসহ এসে যাচাই-বাছাই করে তালিকা দাখিল করবেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, আদিবাসী সম্প্রদায়ের মধ্যে নির্যাতিতা নারী রয়েছে। চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে ইউনিয়ন কমিটিতে যাচাই-বাছাই করে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে যদি নির্যাতিতা নারী পাওয়া যায় তবে যাচাই-বাছাই করে তাদের তালিকা পাঠানোর জন্য চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, আদিবাসীদের জীবনযাত্রার মান উন্নয়নে বিরামপুর উপজেলায় কাজ করবে ইতালীভিত্তিক একটি প্রজেক্ট। তিনি সবাইকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় আরও জানান যে, প্রতিবন্ধী নির্বাচনের ক্ষেত্রে কমিটি গঠনের লক্ষ্যে এবং রোগী কল্যাণ কমিটি গঠন বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবন মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগী নির্বাচন কমিটিকে সচল করা এবং ইউনিয়ন কমিটির সভা উপজেলা পরিষদ অডিটরিয়ামে একসাথে করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. শতভাগ তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>৪. আদিবাসী সম্প্রদায়ের নির্যাতিতা নারীর তথ্য যাচাই-বাছাই করে তালিকা পাঠানোর জন্য চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>৪. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলার কর্মকর্তা মাতৃত্বকালিন ছুটিতে থাকায় তিনি অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। প্রতি মঙ্গলবার তিনি এ উপজেলায় দায়িত্ব পালন করবেন। তিনি আরও জানান যে, সেলাই প্রশিক্ষণে যারা অপেক্ষমান তালিকায় আছেন আগামীতে এ তালিকা থেকেই নির্বাচনে অগ্রাধিকার প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর ২ মাসের বুনিয়াদি প্রশিক্ষণে থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, তিনি মোঃ আফিজার রহমান সহকারী প্রোগ্রামার হিসেবে ১৬.০৮.২০২১ তারিখে ফুলবাড়ি উপজেলায় যোগদান করেছেন। বিরামপুর ও পার্বতীপুরে তিনি অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি এ উপজেলায় সপ্তাহে ১ দিন সোমবার করে দায়িত্ব পালন করবেন। | ১. এ সভায় তাকে স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর |
| আলোচনাঃ ২০ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য বরাদ্দপত্র পাওয়া গেছে। এ মাস থেকে প্রশিক্ষণ কোর্স চালু করা হবে। চলতি মাসে স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর সহযোগিতায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির ব্যবস্থাপনায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কর্তৃক বেকার যুব ও যুব মহিলাদেরকে ২০(বিশ) দিন মেয়াদী "গ্রাফিক্স ডিজাইন ও ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ" প্রদান করা হচ্ছে।<br>প্রধান কার্যালয়ের স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৬.০১৪.১৯-১৩৫৪, তারিখঃ০৬.১০.২০১৯খ্রি. পত্র মোতাবেক **'শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র'** স্থাপনের নিমিত্ত ৫০(পঞ্চাশ) শতক জমির প্রস্তাব চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের নিমিত্ত ৫০(পঞ্চাশ) শতক জমির প্রস্তাব প্রেরণ করতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। ইতোপূর্বেও উপজেলা পরিষদ সাধারণ সভায় বিষয়টি উপস্থাপন করা হয়েছিল।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৪০,৯৬,০০০/- (দুই কোটি চল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,১২,০০,৫২৫/-(দুই কোটি বার লক্ষ পাঁচশত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ১,৯০,৬৮,০৬৩/-(এক কোটি নব্বই লক্ষ আটষট্টিহাজার তেষট্টি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর |
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষে একক গৃহে ১ম ফেজে ৪৩টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। ২য় ফেজে টেন্ডারের কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | জনাব মোঃ মেরাজ হোসেন, উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলায় ২৮.০৭.২০২১ তারিখে যোগদান করে ১০.০৮.২০২১ তারিখে দায়িত্ব বুঝে পেয়েছি। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। ভোটার তালিকায় কিছু জীবিত ব্যক্তিকে মৃত হিসেবে দেখানোর ফলে তারা বিভিন্ন সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। তাদের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় তাকে অনুরোধ করা হয়। | ১. এ সভায় তাকে স্বাগত জানান হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ভোটার তালিকায় মৃত কিন্তু প্রকৃত অর্থে যারা জীবিত তাদের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যালয় পরিদর্শনের কার্যক্রম চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, দোতলা ভবনের কাজ চলছে। দোতলার সিড়ি বাহির দিয়ে করতে হচ্ছে। কিন্তু ১টি ইউক্যালিপটাসের গাছ থাকার কারণে সিড়ি করা সম্ভব হচ্ছে না। গাছ কাটার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. গাছ কাটার বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৩০<br>দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে,<br>১. আগামী ৪ ও ৫ নভেম্বর ২০২১ বিরামপুর উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অডিট কার্যক্রম চলবে। | ১. আগামী ৪ ও ৫ নভেম্বর ২০২১ অডিট সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| | ২. ২০১৯-২০ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে এবং তা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ শেষ হবে। | ২. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ২. সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারী। |
| | ৩. ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা প্রকল্প অফিস থেকে ২য় বার সংশোধনী দিয়েছে, অতিদ্রুত তা সংশোধন করে পাঠাতে হবে। | ৩. ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা সংশোধন করে দ্রুত পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |
| | ৪. গত ৩০.০৬.২০২১ খ্রি. তারিখের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) স্বাক্ষরিত স্মারক নং ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০-৩৩৯৪ প্রাপ্ত পত্র মোতাবেক আগামী ৩০.০৯.২০২১ খ্রি. তারিখের মধ্যে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণ করতে হবে। | ৪. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। । | ৪. উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |
| | ৫. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এ পর্যায়ে দপ্তর প্রধানদেরকে তাদের প্রকল্প প্রস্তাবনা আগামী ২৭.০৯.২০২১ তারিখের মধ্যে ইউডিএফ এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করেন। | ৫. প্রকল্প প্রস্তাবনা আগামী ২৭.০৯.২০২১ তারিখের মধ্যে ইউডিএফ এর নিকট জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫. দপ্তর প্রধানগন। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০১৬ সালে নির্বাচিত হয়ে এসেছেন। তিনি ৬৪টি সভা করেছেন। এ সভাটি তার শেষ সভা হওয়ার জন্য তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি নির্বাচন করবেন মর্মে সকলের দোয়া চান। তিনি প্রত্যাশা করেন যে, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে বিজয়ী হয়ে তিনি পুনরায় উপজেলা পরিষদের সভায় যোগদান করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.সবার পক্ষ থেকে শুভকামনাসহ বিদায়ী শুভেচ্ছা জানান হয়। | ১. চেয়ারম্যান মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ সভাটি তার শেষ সভা হওয়ার জন্য তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি নির্বাচন করবেন মর্মে সকলের দোয়া চান।<br>তিনি আরও জানান যে, বৃষ্টির কারণে টালি দিয়ে পানি পড়ায় VGD এর চাল নষ্ট হয়। তিনি ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার করার জন্য অনুরোধ জানান। সেইসাথে দাউদপুরে প্যালাসাইডিং করার অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, কাটলা বাজারে দৃষ্টিনন্দন উন্নয়নমূলক কাজ হচ্ছে। কিন্তু কাটলা বাজারে ঢোকার মুখে একটি ঝুপড়ি ঘর থাকার কারণে দৃষ্টি নন্দন কাজটি দৃষ্টিকটু হয়ে যাচ্ছে। এটি নিয়ে সাংবাদিকগণ ফেসবুকে সংবাদ প্রকাশ করেছে। যারা জোর করে এ জায়গাটি দখল করে আছেন তাদেরকে উচ্ছেদ করে রাস্তা প্রশস্ত করার জন্য তিনি অনুরোধ জানান।<br>তিনি এক আবেগঘন পরিবেশে জানান যে, জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদের বাবা মরহুম ফসি উদ্দিন আহমেদ এঁর অনেক অবদান রয়েছে এ বিরামপুর উপজেলায়। কাটলার উন্নয়নেও তাঁর অবদান রয়েছে। তাঁর এ অবদানকে স্মরনীয় করে রাখার জন্য তিনি কাটলা টেম্পু স্ট্যান্ডটি সংস্কার করে টেম্পু স্ট্যান্ডের ৩ মাথার মোড়টিকে ফসি উদ্দিন স্মরণী নামকরণ করে নামফলক স্থাপনের প্রস্তাব করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পরিষদ ভবন সংস্কারের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩. ঝুপড়ি ঘরটি উচ্ছেদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. কাটলা টেম্পু মোড়টি সংস্কার করে ফসি উদ্দিন স্মরণী নামকরণ করে নামফলক স্থাপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর ও চেয়ারম্যান, কাটলা ইউপি। |
| আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০১১ সালে ১ম বার এবং ২০১৬ সালে ২য় বার নির্বাচিত হয়ে এসেছেন। পর পর ২ বার নির্বাচিত হয়ে তিনি দায়িত্ব পালন কালে কোন ভুল হয়ে থাকলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করেন। সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে ৩য় বারের মত নির্বাচিত হয়ে এ সভায় যেন আবারও যোগ দিতে পারেন এ দোয়া চেয়ে শেষ সভার বক্তব্য শেষ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বর্ষায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো রাবিশ দ্বারা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, ইউনিয়ন পরিষদে সরকারি বা বেসরকারিভাবে লাগানো যে কোন গাছ বিনা অনুমতিতে কেউ কাটলে প্রচলিত আইন অনুযায়ী গাছ কর্তণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি বা বেসরকারিভাবে লাগানো যে কোন গাছ বিনা অনুমতিতে কাটা হলে প্রচলিত আইন অনুযায়ী গাছ কর্তণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর<br>২. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, লোকাল বাসস্ট্যান্ডে বাস না রেখে বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখার অফিসের সামনে বাস রাখার কারণে অফিসের সৌন্দর্য নষ্ট হয়েছে। লোকাল বাসস্ট্যান্ডে বাস রাখার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মেয়র, বিরামপুর পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লোকার বাসস্ট্যান্ডে বাসগুলো রাখার উদ্যোগ নেয়ার জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় ADP-র বরাদ্দ থেকে ৩% অর্থ নারী ফোরামের জন্য রেখে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করার জন্য এবং ২৫% প্রকল্প ইউনিয়ন পরিষদের নারী সদস্যাদের দ্বারা বাস্তবায়নের প্রস্তাব করেন। | ৩% অর্থ নারী ফোরামের জন্য রাখার এবং ২৫% প্রকল্প ইউনিয়ন পরিষদের নারী সদস্যাদের দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে মোছাঃ আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছেন। ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভায় সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আজ অনেক বিষয়ে ফলপ্রসু আলোচনা হলো। তিনি ওয়ার্ডভিত্তিক মাদক নির্মুল কমিটি গঠন করতে চান। পূর্বজগন্নাথপুরে মাদক নিয়ে একটি সমস্যা হয়েছে। জনাব ইউসুফ হাজী নামক এক ব্যক্তিকে আদিবাসী সম্প্রদায়ের ভেরেনিকা হাসদা খুব কষ্ট দিচ্ছে। সবাই মিলে সহযোগিতা করলে জনাব ইউসুফ হাজীর কষ্ট দূর করা যাবে বলে তিনি আশাবাদী। ভেরেনিকা হাসদা একজন জেদী মহিলা, কারও কথা শুনছে না। এই মহিলার কারণে ইউসুফ হাজী হয়রানীর স্বীকার হচ্ছেন। সকলের সহযোগিতার জন্য তিনি ধন্যবাদ জানান।<br>তিনি আরও জানান যে, পৌর এলাকায় ৭৫টি CC ক্যামেরা স্থাপনের কাজ চলছে। সাউন্ড সিস্টেম প্রকল্পও নিচ্ছেন। বিরামপুর পৌরসভার বিভিন্ন পয়েন্টে মাইক সেট করা হবে এবং বিরামপুর পৌরসভা কার্যালয় হতে এটি নিয়ন্ত্রণ করা হবে। যে কেউ এর মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করে বিজ্ঞাপন প্রচার করতে পারবেন। তবে মৃত্যুর সংবাদ প্রচারের জন্য কোন ফি দিতে হবে না।<br>তিনি আরও জানান যে, বিদ্যুতের পোল সড়ানোর জন্য জিএম, দিপবিস-২ কে পত্র প্রদান করা হয়েছে। তিনি পোল সড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। রাস্তার কাজ চলমান রয়েছ।<br>উপজেলা নির্বাহী অফিসার মেয়র, বিরামপুর পৌরসভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কলাবাগানে রবির টাওয়ার স্থাপন করা হচ্ছে। এতে রোগীদের সমস্যা হবে। তাই এটি স্থাপন বন্ধ করতে হবে। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. CC ক্যামেরা স্থাপন ও সাউন্ড সিস্টেম প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>৩. বিদ্যুতের পোল সড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৪. কলাবাগানে রবির টাওয়ার স্থাপন কাজ বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর।<br>৩. জিএম, দিপবিস-২ বিরামপুর, দিনাজপুর।<br>৪. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| বিবিধ আলোচনাঃ ৪৪ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, আবাসিক ভবনের চারিদিক এবং অফিস ভবনের চারিদিক আগাছা হওয়ায় মশা ও বিষাক্ত পোকা মাকড় এবং সাপের উপদ্রব বেড়ে গেছে মর্মে বসবাসকারীরা জানিয়েছেন। এছাড়াও COVID-19 এর কারণে এবং ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় জরুরীভিত্তিতে উপজেলা পরিষদ এলাকার আগাছা ও ঝোপঝাড় দ্রুত পরিস্কার করা প্রয়োজন।<br>(ক) প্রকল্পের নামঃ উপজেলা পরিষদ এলাকার আগাছা ও ঝোপঝাড় পরিস্কারকরণ।<br>প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ<br>১. মোঃ মেজবাউল ইসলাম মন্ডল, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর-সভাপতি<br>২. উম্মে কুলসুম বানু, ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর-সেক্রেটারী<br>৩. মোঃ আব্দুস সালাম,একাডেমিক সুপারভাইজার,বিরামপুর-সদস্য<br>৪. মোঃ কাওসার আলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বিরামপুর-সদস্য<br>৫. মোঃ মকলেছুর রহমান,ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ-সদস্য | (ক) প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>২. প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| | (খ) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, চেয়ারম্যান কোয়ার্টারের বহিরাংশে বিদ্যুতের লাইন মেরামত ও বৈদ্যুতিক বাল্ব ক্রয় করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ২৩,৭৮০/-(তেইশহাজার সাতশত আশি) টাকা। তিনি এ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে মিটানোর প্রস্তাব করেন। | (খ) বর্ণিত কাজের ব্যয় বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৩,৭৮০/- (তেইশহাজার সাতশত আশি) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিবিধ আলোচনাঃ ৪৪ | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটরিয়ামটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। জরুরীভিত্তিতে এটি সংস্কার করা প্রয়োজন। ছাদ থেকে পানি চুয়ে পড়ার কারণে ওয়াল ডেমেজ হয়ে গেছে। প্লাস্টার খুলে পড়ছে, জানালাগুলো ঠিক নেই। ব্যানার বোর্ড না থাকায় বার বার ব্যানার টানানোর সময় পেরেক মারার ফলে প্লাস্টার খুলে যায়। মেঝেও নষ্ট হয়েছে। সেসাথে উপজেলা পরিষদ সভাকক্ষের ব্যানার বোর্ডটি এবং দোতলার নোটিশ বোর্ডটি সংস্কার করা প্রয়োজন। | (গ) উপজেলা পরিষদ অডিটরিয়ামটি সংস্কার/মেরামত ও ব্যানার বোর্ড স্থাপন এবং উপজেলা পরিষদ সভাকক্ষের ব্যানার বোর্ডটি এবং দোতলার নোটিশ বোর্ডটি সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | (গ) উপজেলা প্রকৌশলী বিরামপুর |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**<u>আগস্ট/২০২১ মাসের ব্যয়</u>**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের আগস্ট/২০২১ মাসের ২৮ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৫,৪০০+১৫৪০০=৩০,৮০০/-) | =৩০,৮০০/- |
| ০৪ | আগস্ট/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | আগস্ট/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | আগস্ট/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৮,৫৪১/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি সভায় উল্লেখ করেন যে, সকলের সহযোগিতায় এ উপজেলার কার্যক্রম গ্রহণ করায় সঠিক সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়। সুন্দরভাবে এবং আন্তরিকতার সাথে কাজ করলে সে কাজটি ভাল হয়। খুব শীঘ্রই ইউনিয়ন পরিষদ নির্বাচনের তপশীল ঘোষণা হবে। তার পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সভায় উল্লেখ করেন। যে কোন কাজ টিম ওয়ার্কের মাধ্যমে করলে সুন্দর হয়। তবে নতুন টিম নিয়ে কাজ করতে সময় লাগে। তাই তিনি আশা করেন পুরাতন টিম নিয়ে পুনরায় এ উপজেলার কাজ করতে পারবেন। COVID-19 থেকে যেন নিরাপদে থাকা যায় সে বিষয়ে সতর্ক থাকার জন্য তিনি সবাইকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, দেড় বছর পর শিক্ষা প্রতিষ্ঠান খোলায় পড়াশুনায় কোন অবহেলা সহ্য করা হবে না। শিক্ষা ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি মেনে চলা হবে। উপজেলার সকল কর্মকর্তাকে শিক্ষা প্রতিষ্ঠান ও উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে প্রতিবেদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।

সতর্কতাস্বরুপ স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে সকলকে মাস্ক ব্যবহার করে নিরাপদে থাকার জন্য তিনি পুনরায় অনুরোধ জানান।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২৩/৯/২০২১

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২১.১৭০৬/১(৫০) তারিখঃ ১৪.১০.২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব মোঃ শাহজাহান আলী, সদস্য, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. জনাব মোছাঃ রেবেকা সুলতানা, সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৯. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
১০. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১১. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১২. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৪.১০.২১

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd